

পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের শুভ জন্মাষ্টমী উপলক্ষে আলোচনা সভা ও মঙ্গল শোভাযাত্রা ১৪২৫ অনুষ্ঠিত



পরমেশ্বর ভগবান শ্রীকৃষ্ণের শুভ জন্মাষ্টমী উপলক্ষে সেপ্টেম্বর-২০১৮, রবিবার, সকাল:১১টায় সনাতন বিদ্যার্থী সংসদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়-এর উদ্যোগে আলোচনা সভা ও মঙ্গল শোভাযাত্রা ১৪২৫-এর অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সনাতন বিদ্যার্থী সংসদ-এর সভাপতি শুভ চন্দ্র বালা-এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী, মনোবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অশোক কুমার সাহা, উদ্ভিদবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক বিভাস কুমার সরকার ও প্রভাষক সুকান্ত সাহা। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সনাতন বিদ্যার্থী সংসদ-এর সাবেক সাধারণ সম্পাদক সুফল কুমার রায়।

এদিকে, আলোচনা সভার প্রাক্কালে একটি মঙ্গল শোভাযাত্রা ক্যাম্পাস প্রদক্ষিণ করে। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।